

সূত্র

প্রিন্ট: ১৬ জুলাই ২০২৫, ০৯:৩৮ এএম

রাজধানী

ঢাকা সিটি কলেজের গভর্নিং বডির নতুন সভাপতি ব্যারিস্টার অসীম



ধানমন্ডি (ঢাকা) প্রতিনিধি

প্রকাশ: ১৬ জুলাই ২০২৫, ০২:৪৩ এএম



ফাইল ছবি

ঢাকা সিটি কলেজের গভর্নিং বডির সভাপতি পদে মনোনীত হয়েছেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ও সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার নাসির উদ্দিন আহম্মেদ অসীম।

মঙ্গলবার জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ব্যারিস্টার নাসির উদ্দিন আহম্মেদ অসীমকে সভাপতি পদে অনুমোদন দেওয়া হয়। এতে বিদ্যোৎসাহী সদস্য করা হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রফেসর কাজি মোহাম্মদ মাহবুবুর রহমানকে।

নাসির উদ্দিন আহম্মেদ অসীম নিজেই ঢাকা সিটি কলেজের গভর্নিং বডির সভাপতি পদে মনোনীত হওয়ার বিষয়টি যুগান্তরকে নিশ্চিত করেছেন।

ব্যারিস্টার অসীম বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয় ঢাকা সিটি কলেজের গভর্নিং বডির সভাপতি পদে দায়িত্ব দিয়েছেন। সঠিকভাবে দায়িত্ব পালন করার চেষ্টা করব।

কলেজ সূত্রে জানা গেছে, জুলাই অভ্যুত্থানের পর প্রতিষ্ঠানটির সভাপতির দায়িত্ব পান উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর। কিন্তু শিক্ষা মন্ত্রণালয়ের গত ১২ মে তারিখের নির্দেশনায় বলা হয়, কোনো উপাচার্য কলেজের গভর্নিং বডির সভাপতি হতে পারবেন না। ওই নির্দেশনা অনুযায়ী জাতীয় বিশ্ববিদ্যালয় গত ২৬ জুন নতুন সভাপতি নিয়োগ দেয় বুয়েটের পানি সম্পদ প্রকৌশল বিভাগের প্রফেসর ড. সাবির মোস্তফা খানকে এবং বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নিয়োগ পান জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রকৌশলী মো. মিজানুর রহমান।

নতুন সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্য গত ১ জুলাই প্রথমবারের মতো কলেজে গেলে ভারপ্রাপ্ত অধ্যক্ষ তাদের সঙ্গে দেখা করেননি। সে সময় কলেজ প্রশাসনের পক্ষ থেকে বলা হয়েছিল ড. সাবির মোস্তফা খান সশস্ত্র সন্ত্রাসীদের নিয়ে এসে কলেজে হামলা চালিয়ে ভাঙচুর করেন। পরে এ নিয়ে ধানমন্ডি মডেল থানায় অভিযোগ করা হয়েছিল।